গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
www.sbgcp.edu.bd
অফিস: ০১৩০৯১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর-১০৪/২০২৫ তারিখ : ১৩/০২/২০২৫ খ্রি.

এ কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি পাবার লক্ষ্যে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক আবেদনপত্র কলেজে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। কোনভাবেই ভুল ও অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না। কারণ অনলাইন সফটওয়ার এর মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। ফলে ভুল ও অসম্পূর্ণ তথ্য প্রদান করলে সফটওয়ার স্বয়ংক্রিয়ভাবে তা বাতিল করবে।

**আবেদনপত্র ডাউনলোড করার ঠিকানা:**
কলেজের ওয়েবসাইট: **www.sbgcp.edu.bd**

**পূরণকৃত আবেদন ফরম জমাদানের সময়সূচি**

| আবেদনপত্র জমাদানের তারিখ | সময়সূচি | স্থান |
|---|---|---|
| ১৬/০২/২০২৫ থেকে ২৪/০২/২০২৫ তারিখ পর্যন্ত | সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) | ড. মোঃ শফিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ (দক্ষিণ ভবণ, ২য় তলা) |

**আবেদনপত্রের সাথে নিম্নোক্ত তথ্য/কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**

১. আবেদন ফরমের উপরে আবেদনকারীর শ্রেণি রোল, গ্রুপ এবং মোবাইল নম্বর লিখেতে হবে।
২. আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-০১ কপি আঠা দিয়ে লাগাতে হবে।
৩. আবেদনকারীর অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি।
৪. আবেদনকারীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৫. আবেদনকারীর পিতা-মাতার অবর্তমানে দায়িত্বপালকারী অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
৬. আবেদনকারী মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান (মুক্তিযোদ্ধার নাতি-নাতনী) হলে প্রমাণপত্রের ফটোকপি।
৭. আবেদনকারী নৃ-গোষ্ঠী হলে প্রমাণপত্রের ফটোকপি।
৮. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের ফটোকপি (এসএসসি'র মার্কশীট)।
৯. আবেদনকারী প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি।
১০. আবেদনকারীর অভিভাবক প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি।
১১. আবেদনকারীর পরিবারের কোন সদস্য জন্মগত বা দীর্ঘস্থায়ী রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।
১২. আবেদনকারী কোন দীর্ঘস্থায়ী রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।
১৩. আবেদনকারীর অভিভাবকের একাউন্ট নম্বর হিসেবে শুধুমাত্র 'নগদ' একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।
১৪. আবেদনকারীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসেবে নির্বাচন করা যাবে।
১৫. আবেদনকারীর অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে বা খোলা থাকতে হবে। অর্থাৎ একই জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে সিম কেনা এবং নগদ একাউন্ট খোলা থাকতে হবে বা খুলতে হবে।

BUddin
১৬/02/২৫
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি নং- ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:
১.সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৩. আহ্বায়ক, একাদশ শ্রেণির ভর্তি কমিটি: ২০২৪-২০২৫, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৪. শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড/ছাত্রী কমন রুম, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৫. অফিস নথি।

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৩৫ তারিখ:০৫.০২.২০২৫ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ ও HSP-MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলি।**

০৮। **তথ্য এন্ট্রি:**

৮.১। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে তাদের অভিভাবকের একাউন্ট নম্বর হিসাবে শুধুমাত্র 'নগদ' একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

৮.২। একই পিতা/মাতা/অভিভাবকের ০২ (দুই) জন সন্তান ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি নগদ একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২ (দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের নম্বর ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।

৮.৩। আবেদনকৃত সকল শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ থাকা নিশ্চিত করতে হবে।

৮.৪। পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ১০ অথবা ১৭ সংখ্যা অবশ্যই এন্ট্রি করতে হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্ম সালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।

৮.৫। শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভাবক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল নগদ একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

৮.৬। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।

৮.৭। HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ একাউন্ট** খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ একাউন্ট** খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।

৮.৮। তথ্য এন্ট্রির পূর্বে ও পরে নগদ একাউন্ট নম্বর এবং হিসাবধারী নাম সঠিক আছে কিনা তা নিশ্চিত হয়ে এন্ট্রি ও সংরক্ষণ করতে হবে।

০৯। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।